

Focus on our work in the effects of financial crisis

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আ'লাইকুম।

পরিচালনা পর্ষদ অত্যন্ত আনন্দের সাথে ন্যাশনাল ব্যাংক লিমিটেডের ৩৩তম সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে স্বাগত জানাচ্ছে। এই সুযোগে ২০১৫ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত হওয়া বছরটির নিরীক্ষিত আর্থিক বিবরণী, নিরীক্ষকের প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন আপনাদের সম্মুখে উপস্থাপন করা হচ্ছে।

বিরাজমান ব্যবসায়িক পরিবেশ, সুযোগ, অর্থনৈতিক চ্যালেঞ্জ এবং ব্যাংকিং সেক্টরের সার্বিক অবস্থা বিবেচনায় রেখে প্রতিবেদনটি প্রস্তুত, তুলনা, মূল্যায়ন ও বিশ্লেষণ করা হয়েছে। বাংলাদেশ হিসাব মান (BAS), বাংলাদেশ আর্থিক প্রতিবেদন মান (BFRS) এবং আইনগত সংস্থার বিভিন্ন শর্তাবলীর প্রতি দৃষ্টি রেখে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

২০১৫ সাল বাংলাদেশের ব্যাংকিং খাতের জন্য আরেকটি কৌশলী বছর ছিল। তা সত্ত্বেও ন্যাশনাল ব্যাংক তার শক্তিশালী মূলধন, দেশ বিদেশের সুবিস্তৃত নেটওয়ার্ক, দক্ষ মানবসম্পদ, যুগোপযোগী সেবা সমূহ, দক্ষ সম্পদ ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি সংশ্লিষ্ট সকলের অকুণ্ঠ সমর্থন এবং পরিচালনা পর্ষদের সঠিক সময়ে দূরদর্শী সিদ্ধান্তের মাধ্যমে প্রাপ্ত সুযোগের সর্বোত্তম ব্যবহার দ্বারা চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রেখেছে।

বিশ্ব অর্থনীতি

উচ্চ আয়ের দেশসমূহে অর্থনৈতিক মৃদু পুনরুদ্ধার সত্ত্বেও বৈশ্বিক অর্থনৈতিক কার্যক্রম ২০১৫ সালে বেশ অবদমিত ছিল। এই হতাশাব্যঞ্জক ফলাফল প্রতিফলিত হয় মূলত অর্থনৈতিক সংকটোত্তর কালের হ্রাসমান পণ্যমূল্য, দুর্বল মূলধন প্রবাহ এবং পর্যুদস্ত বিশ্ব বাণিজ্য জনিত কারণে উন্নয়নশীল এবং উদীয়মান অর্থনীতিগুলোতে দৃশ্যমান পতনশীল প্রবৃদ্ধির জন্য। IMF এর সর্বশেষ বিশ্ব অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধির হার ২০১৫ সালে ৩.১ শতাংশ, ২০১৬ সালে ৩.৪ শতাংশ এবং ২০১৭ সালে ৩.৬ শতাংশ হবে বলে ধারণা করা হচ্ছে। উদীয়মান বাজার ও উন্নয়নশীল অর্থনীতির প্রবৃদ্ধি পরপর পাঁচ বছরের জন্য পতনশীল ছিল। পঞ্চাশতরে উন্নত বিশ্বের অর্থনীতিতে মৃদু পুনরুদ্ধান দৃশমান ছিল। তিনটি প্রধান বিবর্তন বিশ্ব অর্থনীতিতে মূল প্রভাব ফেলেছে - ১. চীনের অর্থনীতিতে দৃশ্যমান স্থিতিশীলতা এবং দেশটির অর্থনৈতিক কর্মকাণ্ড বিনিয়োগ ও উৎপাদন থেকে সরে গিয়ে ভোগ ও সেবা খাতে জোর দেওয়া, ২. জ্বালানী ও অন্যান্য পণ্যসমূহের ব্যাপক মূল্যহ্রাস এবং ৩. প্রধান উন্নত অর্থনীতির দেশসমূহের কেন্দ্রীয় ব্যাংকসমূহের সহজ মুদ্রানীতির বিপরীতে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রমবর্ধমান কঠোর মুদ্রানীতি।

উন্নত দেশসমূহের অর্থনৈতিক প্রবৃদ্ধি ২০১৫ সালে ০.২০% বেড়ে ২০১৬ সালে ২.১০% এ দাঁড়াবে, যা ২০১৭ সালেও স্থিতিশীল থাকবে। যুক্তরাষ্ট্রে শক্তিশালী গৃহায়ন ও শ্রম বাজারের কারণে এবং বিরাজমান সহজ অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিপ্রেক্ষিতে

Directors' Report

Bismillahir Rahmanir Rahim.

Dear Shareholders,

Assalamu A'laikum.

The Board of Directors of National Bank Limited is pleased to welcome you, the honorable shareholders of National Bank Limited, in its 33rd Annual General Meeting. In this opportunity, Directors' Report along with the audited Financial Statements and Auditors' Report thereon for the year ended on December 31, 2015 are presented before you.

The report is prepared, compared, evaluated and analyzed considering the prevailing business environment, opportunities and in the challenging context of economic environment and banking industry as well. The Statements, reporting, disclosures etc have been made in accordance with Bangladesh Accounting Standard (BAS), Bangladesh Financial Reporting Standards (BFRS) and meeting legal & Regulatory requirements.

2015 was another tricky year for banking sector in Bangladesh. In spite of that, strong capital base, wide network in the country and abroad, efficient work force, pragmatic product line, better assets management, modern technology and vigorous support from stakeholders and timely prudent decision of Board helped NBL overcome the challenges in its path of consistent development by seizing available market opportunities.

Global Economy

Despite a modest recovery in high-income countries, global economic activity remained subdued in 2015. The disappointing performance mainly reflected a continued growth deceleration in emerging and developing economies amid post-crisis lows in commodity prices, weaker capital flows and subdued global trade. IMF's latest World Economic Outlook update anticipated that average growth rate of world economy at 3.1 % in 2015, is projected at 3.4 % in 2016 and 3.6 % in 2017. Growth in emerging market and developing economies declined for the fifth consecutive year, while a modest recovery continued in advanced economies. Three key transitions continue to influence the global outlook: (i) the gradual slowdown and rebalancing of economic activity in China away from investment and manufacturing toward consumption and services, (ii) lower prices for energy and other commodities, and (iii) a gradual tightening in monetary policy in the United States in the context of a resilient U.S. recovery as several other major advanced economy central banks continue to ease monetary policy.

Growth in advanced economies is projected to rise by 0.20% to 2.10% in 2016, and hold steady in 2017. Overall activity remains resilient in the United States, supported by still-easy financial conditions and strengthening housing and labour markets,

সামগ্রিক কার্যকলাপ প্রাণবন্ত থাকবে যা শক্তিশালী ডলারের বিপরীতে উৎপাদন ক্ষেত্রে এবং ক্রমহ্রাসমান তেলের মূল্যের কারণে খনিজ অবকাঠামো ও যন্ত্রপাতিতে বিনিয়োগ কমবে। ইউরোভূক্ত দেশসমূহে ন্যূনতম তেলের মূল্যজনিত কারণে আরও সহজতর আর্থিক ব্যবস্থার ফলশ্রুতিতে সৃষ্টি হওয়া অধিকতর ব্যক্তিগত ভোগ নেট রপ্তানীকে মন্থর করবে। ২০১৬ সালে জাপানের প্রবৃদ্ধি, রাজস্ব বৃদ্ধি, তেলের স্বল্পমূল্য, বিরাজমান সহজ অর্থনৈতিক ব্যবস্থা ও ক্রমবিকাশমান আয়ের কারণে দৃঢ়তর হবে।

উদীয়মান বাজার ও উন্নয়নশীল দেশ সমূহে প্রবৃদ্ধি ২০১৫ সালের ৪% থেকে বৃদ্ধিপ্রাপ্ত হয়ে ২০১৬ এবং ২০১৭ সালে যথাক্রমে ৪.৩০% ও ৪.৭০%-এ দাঁড়াবে। চীনের প্রবৃদ্ধি কমে গিয়ে ২০১৬ তে ৬.৩% এবং ২০১৭ তে ৬% এ দাঁড়াবে যা মূলত দুর্বল বিনিয়োগ প্রবৃদ্ধিকে নির্দেশ করবে। যদিও কিছু কিছু দেশ চীনের অর্থনৈতিক পুনর্গঠন এবং বৈশ্বিক উৎপাদন অর্থনীতির দুর্বলতাজনিত কারণে সমস্যা মোকাবিলা করবে তথাপি ভারত ও এশিয়ার অন্যান্য উদীয়মান অর্থনৈতিক শক্তি প্রবৃদ্ধির বলিষ্ঠ ধারাকে অব্যাহত রাখবে। মধ্যপ্রাচ্যের ক্ষেত্রে উচ্চতর প্রবৃদ্ধিই দৃশ্যমান হচ্ছে যদিও পতনশীল তেলের দাম, ভূমন্ডলীয় রাজনৈতিক ডামাডোল ও অভ্যন্তরীণ কোন্দলের কারণে এই প্রবৃদ্ধি কিছুটা শ্লথ হতে পারে। উদীয়মান ইউরোপ ক্রমান্বয়ে উত্তম মাত্রার প্রবৃদ্ধি অর্জন করবে যদিও ২০১৬ সালে কিছুটা মন্থরতা দেখা যেতে পারে।

বিশ্ব বাণিজ্যের পরিমাণগত প্রবৃদ্ধি ২০১৫ সালে ৩.২% হতে ২০১৬ সালে ৪.১% পর্যন্ত বৃদ্ধি পাবে। রপ্তানি প্রবৃদ্ধি আমদানি প্রবৃদ্ধির চেয়ে কম হওয়ায় উন্নত অর্থনীতির দেশে বাণিজ্যিক লেনদেন ২০১৬ সালে হ্রাস পাবে। উন্নত অর্থনীতিতে আমদানি হার ২০১৫ সালে ৪% থেকে ২০১৬ সালে ৪.২% পর্যন্ত বৃদ্ধি পাবে। যাহোক বাণিজ্যিক লেনদেনে উঠতি বাজার ও উন্নত অর্থনীতিভূক্ত বাজার ২০১৬ সালে উন্নতি হবে বলে আশা করা যাচ্ছে। যেহেতু রপ্তানি প্রবৃদ্ধি আমদানি হারের চেয়ে বেশি হবে উদীয়মান বাজার ও উন্নত অর্থনীতিভূক্ত দেশে আমদানি প্রবৃদ্ধির হার ২০১৫ সালে ১.৩% থেকে ২০১৬ সালে ৪.৪%-এ উন্নীত হবে। উন্নত অর্থনীতিতে রপ্তানি প্রবৃদ্ধি ২০১৬ সালে ৩.৪ শতাংশ হবে যেখানে একই সময়ে উদীয়মান বাজার ও উন্নয়নশীল অর্থনীতি ২০১৬ সালের মধ্যে ৪.৮ শতাংশে উন্নীত হবে বলে আশা করা হচ্ছে।

বৈশ্বিক আর্থিক স্থিতিশীলতা প্রতিবেদন (GFSR) অনুযায়ী উন্নত অর্থনীতিতে আর্থিক স্থিতিশীলতা বৃদ্ধি পেয়েছে যার প্রতিফলন একটি শক্তিশালী সামগ্রিক অর্থনৈতিক পরিবেশ যার ফলে অর্থনৈতিক পুনরুদ্ধার বৃদ্ধি প্রাপ্ত হয়েছে, আর্থিক নীতির আস্থা বৃদ্ধি পেয়েছে এবং মুদ্রাসংকোচন ঝুঁকি হ্রাস পেয়েছে, যদিও অনেক উদীয়মান বাজার অর্থনীতিতে বাহ্যিক ঝুঁকি প্রবণতা বেড়েছে। কতিপয় অর্থনীতি ব্যাপক অভ্যন্তরীণ ভারসাম্যহীনতা এবং নিম্ন প্রবৃদ্ধির মুখোমুখি হচ্ছে। কিছু উদীয়মান বাজার অর্থনীতি বৈশ্বিক মন্দার প্রভাব এড়িয়ে চলতে দ্রুত ঋণ সৃষ্টির উপর নির্ভর করছে যা বৈশ্বিক সংকটে খারাপ প্রভাব ফেলছে। ফলশ্রুতিতে উদীয়মান বাজার অর্থনীতিতে ব্যাংকসমূহে মূলধন অপর্ষণ হচ্ছে যেখানে খারাপ ঋণ কর্পোরেট আয় বৃদ্ধির নিয়ামক করা হচ্ছে এবং সম্পদের মানের অবনতি ঘটছে। উদীয়মান বাজার অর্থনীতির ব্যাংকিং ব্যবস্থা উন্নত অর্থনীতির ব্যাংকিং ব্যবস্থা থেকে বৈসাদৃশ্য দেখা যাচ্ছে। যেখানে ব্যাংকসমূহ বিগত কয়েক বছরে হিসাবপত্র সংশোধন, মূলধন বৃদ্ধি, শক্তিশালী অর্থসংস্থান প্রভৃতি কঠিন সময় অতিক্রম করছে। একটি প্রতিযোগিতামূলক পণ্যের মূল্য হ্রাস ও হ্রাসমান প্রবৃদ্ধির কতিপয় উদীয়মান বাজারের অর্থনীতি মধ্যমেয়াদী বিনিয়োগ ক্ষেত্রে মানদণ্ড নির্ণয়ে প্রভূত ঝুঁকির মধ্যে আছে।

বিশ্ব অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি (WEO) মতে ঝুঁকির ভারসাম্য এখন পর্যন্ত নিম্নমুখী। উদীয়মান বাজার অর্থনীতিতে সহনশীলতা ও আর্থিক ঝুঁকির স্থায়িত্ব বৃদ্ধির ফলে নিম্ন প্রবৃদ্ধির সাম্প্রতিক পণ্যের মূল্য হ্রাস এবং দ্রুত কাজ সম্পাদনের প্রক্রিয়া বৃদ্ধি পাচ্ছে যা দ্রুত ঋণ বৃদ্ধির প্রবাহের পরবর্তী ফলস্বরূপ। বাজার উর্ধ্বমুখী হবার

but with dollar strength weighing on manufacturing activity and lower oil prices curtailing investment in mining structures and equipment. In the euro area, stronger private consumption supported by lower oil prices and easy financial conditions is outweighing a weakening in net exports. Growth in Japan is also expected to firm in 2016, on the back of fiscal support, lower oil prices, accommodative financial conditions, and rising incomes.

Growth in emerging market and developing economies is projected to increase from 4% in 2015 to 4.30% & 4.70% in 2016 & 2017, respectively. Growth in China is expected to slow to 6.3 % in 2016 and 6.0 % in 2017, primarily reflecting weaker investment growth as the economy continues to rebalance. India and the rest of emerging Asia are generally projected to continue growing at a robust pace, although with some countries facing strong headwinds from China's economic rebalancing and global manufacturing weakness. Higher growth is projected for the Middle-East countries, but lower oil prices, and in some cases geopolitical tensions and domestic strife, continue to weigh on the outlook. Emerging Europe is projected to continue growing at a broadly steady pace, albeit with some slowing in 2016.

World trade volume growth is projected increase to 4.1 % in 2016 from 3.2 % in 2015. The balance of trade in advanced economies is expected to deteriorate in 2016, since export growth is projected to be weaker than import growth. The growth rate of imports for advanced economies is expected to increase from 4.0 % in 2015 to 4.2 % in 2016. However, the balance of trade in emerging markets and developing economies is expected to improve in 2016, since export growth is projected to be stronger than import growth. In emerging markets and developing economies, growth rate of imports is projected to increase 4.4 % in 2016 from 1.3 % in 2015. Exports of advanced economies are expected to grow by 3.4 % in 2016 while the same in emerging markets and developing economies are expected to grow by 4.8 % during the year 2016.

According to Global Financial Stability Report (GFSR), the financial stability has improved in advanced economies reflecting a strong macro-financial environment in those which coincided with broadening of economic recovery, augmented confidence in monetary policies, and abated deflation risks. Although resilience to external shocks has increased in many emerging market economies, several key economies face substantial domestic imbalances and lower growth. Some of the emerging market economies relied on rapid credit creation to side step the worst impacts of the global crisis. As a result, banks in emerging market economies have thinner capital cushions, while nonperforming loans are set to rise as corporate earnings and asset quality deteriorated. These developments in emerging market banking systems stand in contrast to those in advanced economies, where banks have spent the past few years deleveraging and repairing balance sheets, raising capital, and strengthening funding arrangements. Against a challenging backdrop of falling commodity prices and weaker growth, several emerging market sovereigns are at greater risk of losing investment-grade ratings in the medium term.

According to World Economic Outlook (WEO), the balance of risks is still tilted to the downside. Vulnerabilities and financial stability risks in emerging market economies have likely increased amid lower growth, recent commodity price declines, and increased leverage after years of rapid credit growth. Increased financial

কারণে উন্নত অর্থনীতি প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে, উদীয়মান বাজারের উপর বাড়তি চাপ সৃষ্টি করার মাধ্যমে কঠিন আর্থিক অবস্থা ও মূলধনের বিপরীতমুখী প্রবাহের সৃষ্টি হয়। উন্নত অর্থনীতিতে মধ্যম মেয়াদী ঝুঁকি আরও কমে গেছে যা প্রায় মন্থর প্রবৃদ্ধির নিকট উপনীত হয়েছে। বিশেষ করে নির্দিষ্ট ভাবে উদীয়মান বাজার ও উন্নয়নশীল অর্থনীতিতে বৈশ্বিক চাহিদা যদি আরো কমে যায় তাহলে উদীয়মান ও উন্নয়নশীল অর্থনীতি দুর্বল হওয়ার সম্ভাবনা রয়েছে। বাজারে মধ্যমেয়াদী ঝুঁকি উদ্ভূত হচ্ছে চীনের অধিকতর ধীর প্রবৃদ্ধি বা সাধারণভাবে ধীর প্রবৃদ্ধির কারণে।

বৈশ্বিক মুদ্রাস্ফীতি এখনও বিদ্যমান। মুদ্রাস্ফীতির শিরোনাম এখন অধিকাংশ দেশ থেকে সরে গেছে কিন্তু নতুনভাবে পণ্যের মূল্য কমে যাওয়া এবং বৈশ্বিক বাণিজ্যের পণ্য উৎপাদন কমে যাওয়ায় মূল্যস্ফীতির কথা আবার উঠছে। উন্নত অর্থনীতিতে মূল মুদ্রাস্ফীতির হার মুদ্রাস্ফীতির নির্ধারিত হারের তুলনায় কম। উদীয়মান বাজার অর্থনীতিতে মিশ্র মুদ্রাস্ফীতির উন্নয়ন সাংঘর্ষিকভাবে প্রতিফলিত করে দেশীয় স্বল্প চাহিদা ও পণ্যের নিম্ন মূল্য যার ফলে বিগত বছরে উল্লেখযোগ্য মুদ্রা অবনমন পরিলক্ষিত হয়।

উন্নত অর্থনীতিতে যেখানে মূল্যস্ফীতি কেন্দ্রীয় ব্যাংকের লক্ষ্যমাত্রার নিচে, সেখানে সহায়ক আর্থিক নীতি প্রয়োজন। যদিও কাঠামোগত সংস্কার সূচী দেশভিত্তিক হয় তথাপি সাধারণভাবে শ্রমবাজার লোকজনের অংশগ্রহণ শক্তিশালীকরণ ও কর্মসংস্থান প্রধান লক্ষ্য পরিণত হয় এবং ত্রিশঙ্কু ঋণ মোকাবেলা করা ও বাজারে পণ্য ও সেবা প্রবেশের প্রতিবন্ধকতা কমানোর ব্যাপারে গুরুত্ব দেওয়া প্রয়োজন হতে পারে। ইউরোপে শরণার্থীদের জোয়ার ইউরোপীয় ইউনিয়নের শ্রম বাজারের বৈশ্বিক সক্ষমতাকে চ্যালেঞ্জের সম্মুখীন করেছে। নীতিগত পদক্ষেপ নিতে হবে যা অভিবাসীদের শ্রমবাজারের সাথে একীভূত করে ও উদ্বেগ নিবারণের মাধ্যমে সামাজিক বর্জন ও দীর্ঘ মেয়াদী খরচের সাথে সামঞ্জস্য আনয়ন দরকার যা দীর্ঘমেয়াদী অর্থনৈতিক সুবিধা খুলে দেবে শরণার্থীদের জন্য।

উদীয়মান বাজার এবং উন্নয়নশীল অর্থনীতিতে নীতির অধাধিকার ভিন্নতা বিভিন্ন পরিস্থিতিতে পরিবর্তন হয়। নীতি নির্ধারকদের দুর্বলতা ও স্থিতিস্থাপকতা বিনির্মানের মাধ্যমে সম্ভাব্য অভিঘাত সংশোধন করতে হবে যেখানে প্রবৃদ্ধি হয় এবং উন্নত অর্থনীতির আয়ের সাথে যেন একই বিন্দুতে সম্মিলন ঘটে।

ভূ-রাজনৈতিক অস্থিরতা অর্থনীতির পরিবেশের অন্যতম বৃহৎ ঝুঁকি। মানুষের গুরুতর সমস্যা ছাড়াও ইরাক, লিবিয়া, সিরিয়া, আরব ও ইউক্রেনে জাতীয় ও উপ আঞ্চলিক অর্থনৈতিক প্রভাব পরিলক্ষিত হয়েছে। যদিও বৈশ্বিক অর্থনীতিতে অর্থনৈতিক প্রভাব এখন পর্যন্ত তুলনামূলক সীমিত ভাবে দেখা যাচ্ছে। অধিকাংশ তেল উৎপাদন ও রপ্তানীকারক দেশের বৃহৎ পতনের ঝুঁকির মধ্যে আছে। যা বিভিন্ন আর্থিক বাজারের ঝুঁকি উপলব্ধি, উচ্চ ঝুঁকি অধিহাের সামঞ্জস্য আনে এবং বিভিন্ন শ্রেণীর সম্পদের বাজার অনিশ্চয়তা বৃদ্ধি করে।

বাংলাদেশের অর্থনীতি

দেশের দীর্ঘ রাজনৈতিক সমস্যা, উন্নয়নশীল ও উদীয়মান বিদেশি বাজারে শুল্ক প্রবৃদ্ধি থাকার পরও ২০১৫ সালে বাংলাদেশ অর্থনীতিতে সন্তোষজনক প্রবৃদ্ধি অর্জন করেছে। ২০১৫ সালে বাংলাদেশ নিম্ন আয়ের দেশ থেকে নিম্ন মধ্য আয়ের দেশে উন্নীত হয়েছে, OECD ঋণ শ্রেষ্ঠমান গ্রুপ ৫ এ আছে যা ভারতের চেয়ে একটু নিচে কিন্তু দক্ষিণ এশিয়ার অন্যান্য প্রতিবেশী দেশের চেয়ে এগিয়ে আছে। ২০১৫ সালের জানুয়ারিতে রাজনৈতিক সমস্যার কারণে অর্থনীতিতে চাপ পড়েছে বিশেষত সেবা, কৃষি, রপ্তানি এবং অ-নানুষ্ঠানিক ব্যবসায়িক ক্ষেত্রের উপর। দেশীয় আন্তঃজেলা যাতায়াত ব্যাহত হবার কারণে সরবরাহ ব্যবস্থা বিপর্যস্ত হয়েছে। তবুও বাংলাদেশের অর্থনীতি স্থিতিশীল আছে এবং ২০১৪ সালের জিডিপি ৬.১ থেকে ২০১৫তে ৬.৫তে উন্নীত হয়েছে যা ০.৪% বেশি।

market volatility can pose financial stability challenges in advanced economies, with substantial spillovers onto emerging markets, including through tighter financial conditions and a reversal of capital flows. The main medium term risk for advanced economies is a further decline of already-low growth into near stagnation, particularly if global demand falters further as prospects weaken for emerging market and developing economies. In emerging markets, medium-term risks come from spillovers from much slower potential growth in China, or lower potential growth more generally.

Global inflation remained contained. Headline inflation has broadly moved sideways in most countries, but with renewed declines in commodity prices and weakness in global manufacturing weighing on traded goods' prices it is likely to soften again. Core inflation rates remain well below inflation objectives in advanced economies. Mixed inflation developments in emerging market economies reflect the conflicting implications of weak domestic demand and lower commodity prices versus marked currency depreciations over the past year.

In advanced economies, where inflation rates are still well below central banks' targets, accommodative monetary policy remains essential. Although the structural reform agenda should be country specific, common areas of focus should include strengthening labor market participation and trend employment, tackling legacy debt overhang, and reducing barriers to entry in product and services markets. In Europe, where the tide of refugees is presenting major challenges to the absorptive capacity of European Union labor markets and testing political systems, policy actions to support the integration of migrants into the labor force are critical to allay concerns about social exclusion and long-term fiscal costs, and unlock the potential long-term economic benefits of the refugee inflow.

In emerging market and developing economies, policy priorities are varied given the diversity in conditions. Policymakers need to manage vulnerabilities and rebuild resilience against potential shocks while lifting growth and ensuring continued convergence toward advanced economy income levels.

Geopolitical tensions remain a major risk for the economic outlook. In addition to the severe human toll, the crises in Iraq, Libya, the Syrian Arab Republic and Ukraine have already had pronounced economic impacts at the national and sub-regional levels, although the global economic effect has so far been relatively limited. A further risk lies in a drastic fall in oil output and exports by the major oil-exporting countries, which may set off a sharp adjustment in financial markets' risk perception, leading to higher risk premia and an increase in market volatility across different asset classes.

Bangladesh Economy

Bangladesh economy achieved reasonably satisfactory growth during the 2015 in spite of the prolonged political problems at home and slower growth in both developed and emerging markets abroad. In 2015, Bangladesh graduated to the status of a lower middle income country from the low income country, and to OECD Export Credit Eligibility group 5, which is just below India but ahead of all other South Asian neighbors. The recurrence of political problems in January 2015 took toll on economic activity, particularly in services sector, agriculture, exports, and non-formal sector businesses. Domestic supply chain was disrupted due to disruptions of inter-district transportation. Yet, Bangladesh economy remained resilient and recorded a 6.5 % growth of GDP in 2015 by increase of 0.4 %; from 6.1 % in 2014.

কৃষির উচ্চ প্রবৃদ্ধি না থাকা সত্ত্বেও ৬.৫% GDP প্রবৃদ্ধিতে শিল্প ও সেবা খাত বিশেষ অবদান রেখেছে। শিল্প খাতের প্রবৃদ্ধি ৯.৬%, সেবা খাতের ছিল ৫.৮% যেখানে কৃষি খাতে প্রবৃদ্ধি ছিল ৩%। মোট জিডিপির মধ্যে ৩.১% সেবা খাতের অবদান, শিল্প খাতের ২.৯% এবং কৃষি খাতের অবদান ০.৫%। শস্য ও উদ্যানবন্দিয়ার ক্ষেত্রে নিম্ন প্রবৃদ্ধির কারণে ২০১৫ সালে কৃষি খাতের প্রবৃদ্ধি পূর্বের বছরের চেয়ে কম।

আন্তর্জাতিক পণ্যের সুষ্ঠু মূল্যমান ও সুষ্ঠু সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনার কারণে ২০১৫ সালে গড় মুদ্রাস্ফীতি নিম্নমুখী ছিল। মুদ্রাস্ফীতি ২০১৪ সালের জুলাইতে ৭.২৮% থেকে ডিসেম্বর ২০১৫ তে ৬.১৯% নেমে আসে, যা জ্বালানি তেলের মূল্যহ্রাস ও পণ্যের মূল্যহ্রাসের জন্য মুদ্রানীতি ত্বরান্বিত করে। এই গড় মুদ্রাস্ফীতিহ্রাস পাওয়ার জন্য প্রধানত খাদ্যপণ্যের মূল্যস্ফীতিহ্রাস ভূমিকা রেখেছে। খাদ্য বহির্ভূত পণ্যের মূল্যস্ফীতির উর্দ্ধমুখী প্রবণতা ছিল। জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৫ তে খাদ্য মূল্যস্ফীতি ৮.৫৫% থেকে ৬.০৫% নেমে এসেছে এবং একই সময়ে খাদ্য ছাড়া অন্য পণ্যে মুদ্রাস্ফীতি ৫.৪১% থেকে ৬.৪১% উন্নীত হয়েছে। সামষ্টিক মুদ্রাস্ফীতি খাদ্য ও জ্বালানি ক্ষেত্র ছাড়া জুলাই ৬.২৮% থেকে ডিসেম্বর ২০১৫ তে ৬.৭৯% উন্নীত হয়।

আভ্যন্তরীণ ঋণ প্রবৃদ্ধি ২০১৪ থেকে ২০১৫ তে ১১.৬% থেকে ১০.১% হ্রাস পেয়েছে। ব্যক্তি খাতের ঋণ প্রবাহ ২০১৫ সালে ১৩.২% যা পূর্বের বছরের চেয়ে কিছুটা বেশি কিন্তু ধার্যকৃত লক্ষ্যমাত্রা ১৫.৫% এর চেয়ে কম। অপরদিকে সরকারি ক্ষেত্রে ২০১৫ সালে ঋণাত্মক প্রবৃদ্ধির হার ২.৫% যেখানে ২৫.৩% বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। জাতীয় সঞ্চয়পত্র বিক্রি ও রাজস্ব বোর্ডের উল্লেখযোগ্য আয় সংগ্রহের ফলে ভাল মানের পুঁজি অর্জন করা হয়েছে।

মুদ্রা বিনিময় হারের স্থিতির কারণে কিছু ক্ষেত্রে রপ্তানি ব্যাহত হচ্ছে। রপ্তানি প্রবৃদ্ধি ২০১৪ সালে ১২.১% থেকে ২০১৫ সালে ৩.৩% অবনমন ঘটেছে। কিন্তু আমদানি প্রবৃদ্ধি ২০১৪ সালে ৮.৯ শতাংশ থেকে ২০১৫ সালে ১১.৩ শতাংশে উন্নীত হয়েছিল। একই সময়ে রপ্তানি আয় GDP প্রবৃদ্ধির ১৭.২% থেকে ১৫.৮% তে অবনমিত হয়েছে। তামাক, রাসায়নিক পণ্য, পাষ্টিক পণ্য, পাটজাত দ্রব্য, নীটওয়্যার, গার্মেন্টস, দেশীয় টেক্সটাইল, পাদুকা এবং প্রকৌশলী পণ্যের যেমন ইতিবাচক প্রবৃদ্ধি দেখা গিয়েছে, তেমনি রপ্তানী পণ্য যেমন মাছ, চিংড়ি, শাক-সজি, ফুল, ফল, পেট্রোলিয়াম উপজাত পণ্য, চামড়া, তুলা ও তুলাজাত পণ্য, কাঁচা পাট এবং বিশেষায়িত টেক্সটাইল পণ্যের ঋণাত্মক প্রবৃদ্ধি ঘটেছে।

রপ্তানির তুলনায় উচ্চ আমদানী হারের ফলে ২০১৪ সালে USD ৬,৭৯৪ মিলিয়ন থেকে ২০১৫ সালে USD ৯,৯১৭ মিলিয়ন বাণিজ্য ঘাটতি বৃদ্ধি পেয়েছে। GDP-এর তুলনায় আমদানি পরিশোধের পরিমাণ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২১.২০% থেকে ২০১৫ সালে ২০.৯% এ দাঁড়ায়। আমদানির হার ২০১৪ সালে ৮.৯% থেকে ২০১৫ সালে ১১.৩% এ বৃদ্ধি পেয়েছে। দুধ ও দুগ্ধজাত পণ্য, তেলবীজ, ভোজ্যতেল, চিনি, ঔষধজাত পণ্য ও কাঁচাতুলা ছাড়া সকল পণ্যের আমদানী মূল্য ২০১৪ এর চেয়ে ২০১৫তে বৃদ্ধি পেয়েছে।

রপ্তানী আয় (EPZ সহ) বৃদ্ধি যা ২০১৪ সাল থেকে ২০১৫ সালে যথাক্রমে USD ২৯,৭৭৭ মিলিয়ন থেকে USD ৩০,৭৬৮ মিলিয়ন এ উন্নীত হয়। একই সময়ে আমদানি মূল্য USD ৩৬,৫৭১ মিলিয়ন থেকে USD ৪০,৬৮৫ মিলিয়ন উলারে উপনীত হয়। বাণিজ্য ঘাটতি ২০১৪ সালে ছিল USD ৬,৭৯৪ মিলিয়ন যা ২০১৫ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় USD ৯,৯১৭ মিলিয়ন। প্রাথমিক আয়, গৌন আয় ও সেবা খাতের সম্মিলিত আয়ের ফলে ৮,২৭১ মিলিয়ন ডলারের উদ্ভূত আয় নিবন্ধিত হয়। বর্তমানে ২০১৫ সালে চলতি হিসাবে ঘাটতির পরিমাণ ১,৬৪৫ মিলিয়ন

In absence of high agricultural growth, the 6.5 % GDP growth was mainly contributed by the industry and services sectors. The industry sector grew by 9.6 %, followed by services sector (5.8 %) while the agriculture sector grew by a moderate rate of 3.0 %. Out of the overall GDP growth of 6.5 % in 2015, 3.1 % points was contributed by the services sector, followed by the industry sector (2.9 % points) and the agriculture sector (0.5 % point). The growth of agriculture sector was lower in 2015 compared to the preceding year due to the lower growth in crops and horticulture sub-sector.

During 2015, the average inflation showed a downward trend due to favorable international commodity price movements and sound macroeconomic management. Inflation, which was 7.28 % in July 2014, gradually fell to 6.19 % in December 2015, suggesting further decline owing to decreasing fuel and commodity prices. However, the main driver of this decline in average inflation is mainly attributable to the falling food inflation while nonfood inflation shows an upward tendency. Food inflation of as high as 8.55 % in July 2014 slid down to 6.05 % in December 2015 while non-food inflation of as low as 5.41 % kept on rising to reach 6.41 % over the same period. Core inflation that excludes both food and fuel components rose from 6.28 % in July to 6.79 % in December 2015.

Domestic credit growth decreased from 11.6 % in 2014 to 10.1% in 2015. Private sector credit growth was 13.2 % in 2015 which was slightly higher compared to the preceding year but remained lower against the targeted growth rate of 15.5 %. On the other hand, the growth of credit to the public sector registered a negative growth rate at 2.5 % in 2015 against the target set at a 25.3 % increase. A good amount of resources through selling National Savings Certificates and a higher amount of NBR tax revenue was collected.

Due to a steady appreciation of the Real Effective Exchange Rate (REER), export has suffered to some extent. Growth of export fell to 3.3% in 2015 from 12.1% in 2014, but the growth of imports increased to 11.3% in 2015 which was 8.9% in 2014. Export earnings as a percentage of GDP also decreased from 17.2% to 15.8% over the same period. While tobacco, chemical products, plastic products, jute goods, knitwear, woven garments, home textile, footwear and engineering products experienced a positive growth; some of the export items like fish, shrimps, vegetables, cut flower, fruits, petroleum by-products, leather, cotton & cotton products, raw jute, and specialised textiles experienced a negative growth.

The higher growth of imports compared to exports led to an increase in trade deficit to the tune of USD 9,917 million in 2015 from USD 6,794 million in 2014. Import payments as a percentage of GDP decreased from 21.2 % in 2014 to 20.9 % in 2015. Imports grew at a rate of 11.3 % in 2015 compared with 8.9 % growth in 2014. Total import bills for all items except milk & cream, oil seeds, edible oil, sugar, pharmaceutical products and raw cotton increased in 2015 compared to 2014.

The export earnings (including EPZ) continued to increase; from USD 29,777 million in 2014 to USD 30,768 million in 2015. During the same time total import payments increased from USD 36,571 million to USD 40,685 million. Trade deficit increased to USD 9,917 million in 2015 from USD 6,794 million in 2014. The services and income account including primary income and secondary income registered a surplus of USD 8,271 million. Current account balance registered a deficit of USD 1,645 million in 2015, which

ডলার যেখানে ২০১৪ সালে ১,৪০৬ মিলিয়ন ডলার উদ্ভূত ছিল। মূলধন ও আর্থিক বিবরণের উদ্ভূত পরিলক্ষিত হয় এবং ২০১৪ সালে USD ৩,৪৫৩ মিলিয়ন থেকে বেড়ে ২০১৫ পর্যন্ত USD ৫,৭৯১ মিলিয়ন ডলারে দাঁড়ায়। সামগ্রিক লেনদেনের ভারসাম্য ২০১৪ সালে ৫,৪৮৩ থেকে ২০১৫ সালে ৪,৩৭৩ মিলিয়ন ডলারে পৌঁছায়। সামগ্রিক বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২০১৫ এর শেষে ২৫,০২১ মিলিয়ন ডলারে পৌঁছায় যা ৭.৪ মাসের আমদানি বিল পরিশোধের ক্ষমতা রাখে।

শ্রমিকদের রেমিটেন্স ২০১৫ সালে ৭.৫ মাত্রার মাঝারি মানের যা ২০১৪ সালের তুলনায় ১.৫ শতাংশ কম।

চলতি হিসাবের ভারসাম্যের ঘাটতি থাকা সত্ত্বেও লেনদেনের ভারসাম্য উদ্ভূত হিসাব বজায় রাখা হয়েছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২০১৫ শেষে ২৫,০২১ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে। যা সন্তোষজনক ও সাত মাসের পণ্য ও সেবা আমদানির খরচ মেটাতে সক্ষম। বাংলাদেশ ব্যাংক যখন প্রয়োজন মনে করে দেশীয় মুদ্রার বাজার থেকে বৈদেশিক মুদ্রা ক্রয় করার মাধ্যমে তার কর্তৃত্ব বজায় রাখে। যার ফলে টাকার বিনিময় হার ২০১৫ সালে স্থিতিশীল অবস্থায় ছিল।

অর্থনীতির তিনটি খাত যথা শিল্প, সেবা ও কৃষি ক্ষেত্রে ভালো করছে। শিল্প ক্ষেত্রের প্রবৃদ্ধির হার ২০১৪ সালে ৮.৪% থেকে ২০১৫ তে ৯.৬% তে বৃদ্ধি পেয়েছে। আর্থিক বছরের দ্বিতীয়ার্ধ পর্যন্ত রাজনৈতিক অস্থিরতা থাকা সত্ত্বেও বছর শেষে শিল্প ক্ষেত্রে প্রবৃদ্ধি ৯.৬% হয়। সেবা খাত ২০১৫ সালে ৫.৮% প্রবৃদ্ধি করে যা বিগত অর্থ বছরের চেয়ে কিছুটা বেশি। সেবা খাতের সকল উপ বিভাগ ২০১৫ সালে উর্দ্ধমুখী ছিল কিছু উপবিভাগ ছাড়া যেমন পাইকারি ও খুচরা ব্যবসা, মোটর যন্ত্রাংশ মেরামত, মটরসাইকেল, ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য, ওয়্যারহাউজ ও যোগাযোগ উপবিভাগ। পাইকারী ও খুচরা বাণিজ্য, মোটর যন্ত্রাংশ মেরামত, মটরসাইকেল, ব্যক্তিগত ও গৃহস্থ পণ্য, পরিবহন, মজুত ও যোগাযোগ উপবিভাগ ২০১৪ সালে ৬.৭ ও ৬.১ থেকে ২০১৫ সালে ৬.৬ ও ৬.০ শতাংশে পরিবর্তিত হয়। কৃষিক্ষেত্রের প্রবৃদ্ধি ২০১৪ সালে ৪.৪% থেকে ২০১৫ সালে ৩% পরিবর্তিত হয় যা শস্য ও উদ্যান ক্ষেত্রের কম প্রবৃদ্ধির কারণে ঘটে। অধিকন্তু এই বিভাগের GDP তে অবদান ২০১৪ সালে ১৬.৫% থেকে ২০১৫ সালে কমে ১৬% হয়েছে।

মোট নির্দিষ্ট বিনিয়োগ GDP তে ২০১৪ থেকে ২০১৫ তে যথাক্রমে ২৮.৬% থেকে বৃদ্ধি পেয়ে ২৯.০% হয়। এই নির্দিষ্ট বিনিয়োগের মধ্যে সরকারি বিনিয়োগ বেসরকারি বিনিয়োগের পরিমাণের চেয়ে বেশি হয়। ফলে GDP তে সরকারি খাতের বিনিয়োগ ২০১৪ সালের ৬.৬% থেকে ২০১৫ সালে ৬.৯% তে উপনীত হয়। একই সময়ে বেসরকারি খাতের বিনিয়োগ, এর ২২.০% থেকে ২২.১% উন্নীত হয় যা খুবই নগণ্য। জাতীয় সঞ্চয় ২০১৪ থেকে ২০১৫ তে ২৯.২% থেকে ২৯.১% পরিবর্তিত হয়ে GDP তে অবদান সামান্য কমে যায়। গৃহস্থ সঞ্চয়ের অবদান GDP তে ২০১৪ তে ২২.১% থেকে ২০১৫ তে ২২.৩% তে পৌঁছে, যা সামান্য বৃদ্ধি পায়। দেশীয় সঞ্চয় ও বিনিয়োগের মধ্যকার পার্থক্য ২০১৪ সালে ৬.৫% থেকে ২০১৫ সালে ৬.৭% যা GDP তে সামান্য অবদান বৃদ্ধি করে।

এটা উল্লেখ্য যে, সরকারি বিনিয়োগ বৃদ্ধি, স্থিতিশীল মুদ্রার হার, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি যা আমদানি-রপ্তানির প্রবৃদ্ধির পুনরুজ্জীবন ঘটায় এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের মাধ্যমে ২০১৫ সালের শেষে সামগ্রিক অর্থনীতিতে একটি ভারসাম্য আনয়ন করে। বৈশ্বিক পণ্যের মূল্যহ্রাসের ফলে এই সময়ে ধীর চাহিদার উদ্ভূত হয় যা এই স্থিতিশীলতা বজায় রাখতে সহায়তা করে। লেনদেনের ভারসাম্য এই সময়ে স্বস্তিকর অবস্থানে থাকে। যদিও ২০১৫ সাল রাজনৈতিক অস্থিরতা দিয়ে শুরু হলেও এখন রাজনৈতিক সুস্থিরতা আছে এবং আমরা বিশ্বাস করি যে বাংলাদেশের অর্থনীতি সুস্থির রাজনৈতিক পরিবেশ সহ এর প্রকৃত কাঙ্ক্ষিত অবস্থানে ফিরে আসবে।

was a surplus of USD 1,406 million in 2014. The capital and financial account continued to register surplus and rose to USD 5,791 million in 2015 from USD 3,453 million in 2014. The overall balance of payments registered a surplus of USD 4,373 million in 2015, which was USD 5,483 million in 2014. Gross international foreign exchange reserves stood at USD 25,021 million at the end of 2015 representing 7.4 months of import cover.

Workers' remittances inflows experienced a moderate growth of 7.5% in 2015 compared to 1.5% negative growth in 2014.

A surplus in the overall balance of payments was maintained despite a deficit in current account balance. The foreign exchange reserves reached USD 25,021 million at the end of 2015, at a comfortable level to meet over seven months of imports of goods and services. Bangladesh Bank continued its interventions in the domestic foreign exchange market by purchasing foreign currencies as and when deemed appropriate. As a result, nominal Taka-USD exchange rate remained stable during 2015.

All three sectors of the economy such as industry, services and agriculture are performing well. Industry sector growth increased to 9.6% in 2015 from 8.4% in 2014. Despite the political problems spanned over the second half of the fiscal year, performance of all sub-sectors within industry sector picked up eventually to register a 9.6% growth at the end. Services sector registered a 5.8% growth in 2015 which was slightly higher than the preceding fiscal year. Growth of all sub-sectors of services sector was upward in 2015 except wholesale and retail trade, repair of motor vehicles, motorcycles and personal and household goods; and transport, storage and communication sub-sectors. Wholesale and retail trade, repair of motor vehicles, motorcycles and personal and household goods; and transport, storage and communication sub-sectors grew by 6.6% and 6.0% respectively in 2015 compared to 6.7% and 6.1% respectively in 2014. Agriculture sector growth decreased to 3.0% in 2015 from 4.4% in 2014 due to the lower growth in crops and horticulture sub-sector. Moreover, this sector's share also decreased to 16.0% of total GDP in 2015 from 16.5% of total GDP in 2014.

Gross fixed investment as a percentage of GDP increased marginally to 29.0% in 2015 from 28.6% in 2014. Within gross fixed investment, public investment grew faster than the private investment. As a result, the share of public investment in GDP increased from 6.6% in 2014 to 6.9% in 2015, the share of private investment increased slightly from 22.0% to 22.1% of GDP over the same period. The national savings as a percentage of GDP decreased slightly from 29.2% in 2014 to 29.1% in 2015. Domestic savings as a percentage of GDP increased from 22.1% in 2014 to 22.3% in 2015. The domestic savings-investment gap as a percentage of GDP increased to 6.7% in 2015 from 6.5% in 2014.

It mentioned here that, enhanced public investment, stable exchange rate, increased forex reserve, signs of revitalized export and import growth and contained inflation suggested macroeconomic stability as the 2015 moved towards the finishing line. Declining global commodity prices in this period in the face of sluggish demand also helped to achieve this stability. Balance of payment situation remained within the comfort zone. Though the year 2015 was started with disruptions from political unrest but now it is observed stable and we believed that Bangladesh economy will revert back to its real trend with stable political environment.

বাংলাদেশের ব্যাংকিং সেক্টর

বাংলাদেশের ব্যাংকিং খাত চার রকমের তফসিলি ব্যাংকের সমন্বয়ে গঠিত। প্রকারগুলো হল- রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক (SCBs), রাষ্ট্রীয় মালিকানাধীন উন্নয়ন আর্থিক প্রতিষ্ঠান (DFIs), বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (PCBs) ও বিদেশি বাণিজ্যিক ব্যাংক (FCBs)। বাংলাদেশে বর্তমানে ৯টি (নয়) সদ্য লাইসেন্স প্রাপ্ত বেসরকারি বাণিজ্যিক ব্যাংক সহ মোট ৫৬ টি ব্যাংক তাদের কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশের ব্যাংকিং খাত বাংলাদেশ ব্যাংক কর্তৃক তৈরীকৃত কঠোর নিয়ম এবং প্রবিধানের মাধ্যমে পরিচালিত হয়। একটি শক্তিশালী, দক্ষ এবং স্থিতিশীল আর্থিক ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে, বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক, সমন্বয়যোগ্য নীতিমালা তৈরী এবং ঝুঁকি ব্যবস্থাপনার উপর বিশেষ গুরুত্ব আরোপ করে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ভবিষ্যতে অধিক চ্যালেঞ্জ এবং আঘাত মোকাবেলায় ব্যাংকগুলোকে আরও নমনীয় করার উদ্যোগ হিসেবে বাংলাদেশ ব্যাংক একটি সংশোধিত ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা ইতিমধ্যে ব্যাংকগুলোর জন্য কার্যকর করেছে। গত এক যুগে ব্যাংকিং খাতের মোট সম্পদে বেসরকারী উদ্যোগের তফসিলি ব্যাংকগুলোর অংশ নিরন্তর বৃদ্ধি পাচ্ছে।

ঝুঁকি ভিত্তিক মূলধন অনুপাত মূলত ব্যাংকের মোট মূলধন সংরক্ষণের মাধ্যমে আমানতকারী ও অন্যান্য পাওনাদারের বিভিন্ন সম্ভাব্য ক্ষতির হাত হতে রক্ষাকরণে ভূমিকা রাখে। ইহা ক্রেডিট মার্কেট, অপারেশন, সুদ, তারল্য জনিত ঝুঁকি নিরাময়ে সহায়ক ভূমিকা পালন করে। বাংলাদেশ ব্যাংক বর্তমান বছরে মূলধন সংরক্ষণের নতুন নীতিমালা প্রণয়ন করেছে। ব্যাসেল-৩ অনুযায়ী বাংলাদেশের ব্যাংক ন্যূনতম মূলধন সংরক্ষণ ১০% হারে ঝুঁকি ভরযুক্ত সম্পদ (RWA) অথবা টাকা ৪ বিলিয়ন যেটা বেশি সেটা সংরক্ষণ করতে হবে। তদারকি পর্যালোচনা প্রক্রিয়া (SRP) মতে ব্যাংকসমূহকে পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করতে হবে যেটা ন্যূনতম প্রয়োজন মূলধনের চেয়ে বেশি এবং যা সম্ভাব্য সকল ঝুঁকি গ্রহণে সহায়ক হয়। এই উচ্চ মূলধন সংরক্ষণ SRP-SREP প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারণ করা হয়।

যে কোন আর্থিক প্রতিষ্ঠানের শক্তিশালী ও টেকসই উন্নতির জন্য দক্ষ ব্যবস্থাপনা পূর্বশর্ত, অপরিহার্য ও অতীব গুরুত্বপূর্ণ। মোট ব্যয়ের সাথে মোট আয়, পরিচালন ব্যয়ের সাথে মোট ব্যয়, আয়ের সাথে প্রতি কর্মচারী ব্যয় এবং সুদ হারের পার্থক্য সাধারণত ব্যবস্থাপনার উৎকর্ষতা প্রতিফলিত করে। দৃঢ় আয়ের ভিত্তি ও অধিক মুনাফার নিশ্চয়তা, একটি ব্যাংকের বর্তমান ও ভবিষ্যতের সুস্থ পরিচালন ক্ষমতা এবং ভবিষ্যতের যেকোন আপদকালীন ঝুঁকি কাটিয়ে ওঠার শক্তি ও সামর্থ্য প্রকাশ করে। প্রযুক্তিগত দক্ষতা, মধ্য ও উচ্চ সারির নেতৃত্ব, পরিপালন এবং বিভিন্ন পরিস্থিতি মোকাবেলা ইত্যাদি ও ব্যবস্থাপনার উৎকর্ষতার পরিমাপক হিসেবে ব্যবহৃত হয়।

ব্যাংকের দুর্বল ব্যবস্থাপনার কারণে তারল্য ও স্বচ্ছলতা সমস্যা বৃহত্তর অর্থনীতিতে পর্যায়ক্রমিক ক্ষতিকর পরিণতি বয়ে আনে যা ব্যাংকের ঋণ ও পেপেমেন্ট সার্ভিসের উপর নির্ভরশীল। ফলে ব্যাংকের সর্বক্ষেত্রে কর্পোরেট সুশাসনের উপর সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নিয়ন্ত্রণ ও ভারসাম্য নিশ্চিত করতে নিয়ন্ত্রক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক বিধিমালার মাধ্যমে পর্যদ, নির্বাহী ব্যবস্থাপনার কর্তব্য, বহিঃনিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষায় করণীয় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সকলের দায়-দায়িত্ব বিশদভাবে বিধৃত করা হয়েছে।

Banking Sector in Bangladesh

Banking sector of Bangladesh comprises four categories of scheduled banks such as State-owned Commercial Banks (SCBs), State-owned Development Financial Institutions (DFIs), Private Commercial Banks (PCBs) & Foreign Commercial Banks (FCBs) and total 56 number of banks including 9 (Nine) newly licensed private commercial banks are functioning during this year. Bangladeshi Banking industry is characterized by the tight Banking rules and regulations set by the Bangladesh Bank. With a view to maintaining a sound, efficient and stable financial system Bangladesh Bank as central bank has been playing pivotal role in initiating a number of policy measures, giving augmented emphasis on risk management in the banks. A revised risk management guideline has already been put into effect for Banks, aiming at developing more shock resilient capacity of banks in future. The Private Sector Schedule Banks' share in total assets of Banking Sector is increasing continuously over the past twelve years.

Capital to Risk Weighted Assets Ratio (CRAR) focuses on the total position of banks' capital and the protection of depositors and other creditors from the potential losses that a bank might incur. It helps absorbing all possible financial risks related to credit, market, operation, interest rate, liquidity, reputation, settlement, strategy, environmental and climate change, etc. Bangladesh Bank has introduced Basel-III a new Capital accord under Basel regime under Basel-III, banks in Bangladesh are instructed to maintain the Minimum Capital Requirement (MCR) at 10% of the Risk Weighted Assets (RWA) or Taka 4 billion, whichever is higher. Under the Supervisory Review Process (SRP), banks are instructed to maintain a level of "adequate" capital which is higher than the minimum required capital and sufficient to cover for all possible risks in their business. This higher level of capital for the banks is usually determined and finalized through SRP-SREP (Supervisory Review Evaluation Process, the central bank's assessment) dialogue.

Sound management is the most important and inescapable pre-requisite for the strength and concrete growth of any financial institution. Total expenditure to total income, operating expenses to total expenses, earning and operating expenses per employee, and interest rate spread are generally used to portray management soundness. Strong earnings base and high profitability profile of a bank reflect its ability to support present and future sound operation, absorb future contingent shocks and strengthen resilience capacity. Technical competence and leadership of mid and senior level management, compliance to plan and respond to changing circumstances, etc. are also taken into consideration in evaluating the quality of management.

Liquidity and solvency problems caused by poor governance in banks can have harmful systematic consequences in the broader economy dependent on banks for credit and payment services. High priority is therefore, accorded to corporate governance in banks putting in place checks and balances comprising mix of regulatory and institutional provisions specifying the roles and accountabilities of the Board, the Executive management, External and internal audit, disclosure and transparency prescription.

একনজরে এনবিএল

বাংলাদেশের কতিপয় ঝুঁকি গ্রহণকারী উদ্যমী উদ্যোক্তাদের নেতৃত্বে ১৯৮৩ সালে ন্যাশনাল ব্যাংক লিমিটেড প্রথম প্রজন্মের ব্যক্তিখাতের বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই এনবিএল সর্বস্তরের জনগণকে গ্রাহক-বান্ধব সেবা ও আধুনিক ব্যাংকিং সুযোগ-সুবিধা প্রদান করতে সুসজ্জিত শহর হতে অবহেলিত প্রত্যন্ত গ্রামাঞ্চলে তার শাখা সম্প্রসারণ করে চলেছে।

জাতীয় অগ্রাধিকারের সাথে সঙ্গতি রেখে আমরা পল্লী জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে কাজ করে যাচ্ছি। এনবিএল ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রবাসীদের রেমিট্যান্স পাঠাতে উৎসাহিত করে আসছে।

তাছাড়া ব্যাংক শুধুমাত্র মুনাফা বৃদ্ধিতে নিবেদিত নয়। গ্রামীণ জনগোষ্ঠীর জীবনধারা উন্নয়নে এবং বিশেষত নারীর ক্ষমতায়নের লক্ষ্যে কতিপয় প্রশংসনীয় প্রকল্প গ্রহণের মাধ্যমে ব্যাংক তার সামাজিক দায়বদ্ধতা পূরণে সক্রিয় ভূমিকা পালন করে আসছে।

ব্রান্ড ইমেজ

‘প্রতিশ্রুতিশীল কর্মতৎপর একটি ব্যাংক’ এই স্লোগানকে সামনে রেখে মানসম্মত সম্পদের সাথে দৃঢ় ভিত্তির মূলধন ও ধারাবাহিক মুনাফার উচ্চ প্রবৃদ্ধি নিশ্চিত করে বাংলাদেশের সেবা ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হওয়াই আমাদের লক্ষ্য।

সক্ষমতা বৃদ্ধি

এনবিএল সকল সময়ে নিবিড় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে সুষ্ঠু ও নিরপেক্ষ প্রতিযোগিতার ভিত্তিতে দক্ষ মানব-সম্পদ আহরণে যারা ভবিষ্যতে ব্যাংকের নেতৃত্ব প্রদান করবে। তাদেরকে উদ্যোমী, আস্থার সঙ্গে পেশাদারীত্ব সৃষ্টিতে ব্যাংক বিবিধ প্রশিক্ষণ ও তাদের পূর্ণ কর্মজীবন ব্যাপী সক্ষমতা অর্জনের নানাবিধ প্রক্রিয়া ব্যবস্থা ব্যাংক করে থাকে। এ বিষয়ে পূর্ণ গুরুত্ব আরোপ করে ব্যাংক ১৯৮৭ সালে নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করে, যা বর্তমানে সকল আধুনিক সুবিধা সম্বলিত নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়েছে। এছাড়াও একটি প্রসংশিত কর্পোরেট সংস্কৃতির মাধ্যমে এমন একটি ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে যেখানে যোগ্য-মেধাবী কর্মীদের পুরস্কারের মাধ্যমে উৎসাহিত করার সাথে সাথে অমনোযোগী কর্মীদের তিরস্কার ও শাস্তিমূলক ব্যবস্থা উল্লেখযোগ্য।

গ্রাহকের পরিবর্তনশীল চাহিদা ও প্রত্যাশা পূরণেও ব্যাংক তার অসংখ্য প্রোডাক্ট প্রতিনিয়ত উন্নত, হালনাগাদ ও লাগসই করে চলেছে। গ্রাহকবৃন্দই এনবিএল এর সকল ব্যবসায়িক কর্মকাণ্ডের মধ্যমনি। তাদের চাহিদা মেটাতে ব্যাংক মার্জিত ও দক্ষ সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। ব্যাংক তার সার্বিক সক্ষমতা বৃদ্ধি ও ধারাবাহিক টেকসই প্রবৃদ্ধি অর্জন নিশ্চিত করতে প্রতিনিয়ত নিবিড় বিপণন নীতির উপর গুরুত্ব আরোপ করে তার নেটওয়ার্ক ক্রমশ সম্প্রসারণ করে চলেছে।

নেটওয়ার্ক

সামাজিক দায়বদ্ধতা পূরণের প্রেক্ষিতে ন্যাশনাল ব্যাংক সারাদেশে এমনকি অবহেলিত প্রত্যন্ত গ্রামাঞ্চলেও তার শাখা বিস্তারের মাধ্যমে সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। ২০১৫ সালে ব্যাংকের আরো ১২টি নতুন শাখা খোলা হয়। বর্তমানে ব্যাংকের মোট ১৯১টি শাখার একটি বলিষ্ঠ বাজার ভিত্তি তৈরি হয়েছে। পাশাপাশি ন্যাশনাল ব্যাংক বিদেশী বিনিয়োগকারী ও স্থানীয় রপ্তানি নির্ভর উদ্যোক্তাদের জন্য অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) নামে তার পরিসেবা সম্প্রসারণ করে আসছে। ন্যাশনাল ব্যাংক ক্রমাগতভাবে তার বৈশ্বিক সংযোগ বৃদ্ধি করে চলেছে যাতে করে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকিং চাহিদা পূরণ এবং ওয়েজ

Overview of NBL

National Bank Limited is one of the first generation private commercial banks of Bangladesh incorporated in 1983 under the leadership of some proactive risk-taking entrepreneurs. Since inception, to provide the customers and mass people with friendly and modern banking facilities, NBL has been expanding its network from posh cities to neglected remote rural areas.

In line with the national priority we have taken steps in upgrading the socio economic status of rural people. NBL has also focused to encourage expatriates in sending their remittances through banking channels.

Moreover, the bank is not only dedicated to profit maximization. It also remains active in fulfilling the social responsibilities by improving the living standard of rural people, especially empowerment of women through several praiseworthy schemes.

Brand Image

Our prime objective is to uphold our slogan ‘A Bank for Performance with Potential’ to become the best bank in Bangladesh having strong capital base with quality assets ensuring continuity of higher growth of profitability.

Capacity Building

NBL always makes extensive effort to acquire skill Human Capital through fair and unbiased competitive recruitment of future leaders. To make them self motivated and creating professionalism with confidence, the Bank broadly arranges their training programs; and capacity building process throughout their career. Giving most emphasis on the issue the bank established its own training institute in 1987, which is now housed in its own premises with all modern facilities. Besides, an appreciable corporate culture with soundness of the system of rewarding the performers and censuring the delinquents are being followed meticulously.

The Bank is continuously developing, updating and tailoring its numerous products to meet the ever changing needs, expectations of customers. NBL has always put its customers at the core of its all business activities. The Bank is committed to provide courteous and efficient service to meet their needs and to attain a firm capacity to ensure continuation of sustainable growth, the Bank emphasized on extensive marketing policies with gradual expansion of its network.

Network

With excellence, NBL is providing banking services through its branch network located all over the country, even in the neglected remote rural areas, keeping in mind the responsibilities to the society. In 2015 NBL opened 12 new branches. Presently the bank has a strong market-base with total 191 branches. Alongside, NBL is extending banking services through Off-shore Banking Unit (OBU) to foreign investors and local entrepreneurs. The Bank has been gradually building up extensive global connections to ease different commercial banking needs and also to facilitate the wage-earners and beneficiaries of homebound

আর্নসদের বৈদেশিক রেমিট্যান্স প্রেরণে ও দেশে প্রাপকদের রেমিট্যান্স প্রাপ্তি সহজতর হয়। বিশ্বজুড়ে ব্যাংকিং লেনদেন পরিচালনার জন্য ৬৫টি দেশে ৫৯৩টি বিদেশী Correspondents ও ব্যাংকের সাথে Relationship Management Application (RMA) প্রতিষ্ঠা করা হয়েছে। উপরন্তু, বিদেশে কর্মরত প্রবাসী বাংলাদেশীদের অর্থ প্রেরণের সুবিধার্থে কুয়েত, কাতার, বাহরাইন, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, সুইজারল্যান্ড, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইতালি, কানাডা, গ্রীস, জর্ডান প্রভৃতি দেশসহ ১৭টি দেশের ৫২টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে ড্রয়িং এরেন্জমেন্ট রয়েছে। এছাড়াও সিঙ্গাপুর, মালয়েশিয়া, মালদ্বীপ ও গ্রীসে ব্যাংকের শতভাগ মালিকানাধীন এবং ওমানে ২৫ শতাংশ মালিকানাধীন এক্সচেঞ্জ কোম্পানি রয়েছে। এছাড়া, মায়ানমারে ব্যবসা-বাণিজ্য সুযোগ সৃষ্টি ও সীমান্ত বাণিজ্যের সুবিধা গ্রহণের লক্ষ্যে ১৯৯৬ সাল হতে ন্যাশনাল ব্যাংক মায়ানমারের ইয়াংগুন শহরে একটি প্রতিনিধি অফিস পরিচালনা করে আসছে।

পুরস্কার ও স্বীকৃতি

NBL সত্যিকারের দায়বদ্ধতা ও স্বচ্ছতা নিশ্চিত করে যার কারণে এই অঙ্গীকার পূরণের মাধ্যমে অনেকবার পুরস্কৃত হয়েছে। আর্থিক তথ্যের কাঠামোগত স্বীকৃতি, সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনা, বাৎসরিক রিপোর্ট পর্যালোচনা, কর্পোরেট সুশাসন, মানব সম্পদ ব্যবস্থাপনা এবং সামাজিক দায়বদ্ধতার কারণে ন্যাশনাল ব্যাংক ICAMAB এর কাছে থেকে শ্রেষ্ঠ কর্পোরেট Award এবং বিভিন্ন বছরে শ্রেষ্ঠ প্রকাশিত হিসাব বিবরণীর জন্য ICAB এর কাছে থেকে শ্রেষ্ঠ সনদ অর্জন করেছে। এসকল কিছুই সাক্ষ্য দেয় আমরা বিনিয়োগকারী ও শেয়ারহোল্ডারদের সকল প্রাসঙ্গিক তথ্যের প্রকাশের ক্ষেত্রে যত্নবান যার ফলশ্রুতিতে বিজ্ঞ সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়।

ঝুঁকি ব্যবস্থাপনা

কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা ব্যাংক ব্যবসায় সফলতার অর্ধাংশ। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সিনিয়র ব্যবস্থাপনা সমন্বয়ে গঠিত বিভিন্ন কমিটির মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ করে থাকে। ব্যাংকের সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির মধ্যে রয়েছে পরিচালনা পর্ষদের নির্দেশনা তত্ত্বাবধানে পরিচালিত বিজনেস লাইন, সার্বিক ঝুঁকি ব্যবস্থাপনা এবং নীরিক্ষা পরিপালন।

ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে ন্যাশনাল ব্যাংক স্বল্প ও দীর্ঘমেয়াদী সহনশীল আর্থিক সমাধান নিশ্চিত করে। দায়িত্বশীল ব্যাংক হিসেবে আমরা নির্দিষ্ট ঝুঁকি গ্রহণ করি এবং এসকল অনিশ্চয়তাকে বিভিন্ন ঝুঁকি কৌশলের মাধ্যমে ঝুঁকি প্রশমিত করা হয় যা পরিচালনা পর্ষদ বা উচ্চ ব্যবস্থাপনা দ্বারা কৌশল ঠিক করা হয়। ঝুঁকি ব্যবস্থাপনা স্ক্রিনিং মেকানিজম হিসেবে ব্যবসায়িক প্রক্রিয়ায় নিয়ন্ত্রণ ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে অপ্রত্যাশিত ঝুঁকির হাত থেকে রক্ষা পাওয়া যায়।

নতুন বাসেল-৩ অনুযায়ী ব্যাংকের প্রধান চ্যালেঞ্জ হল প্রয়োজনীয় মূলধন ও তারল্যের সংস্থান এবং ঝুঁকি ব্যবস্থাপনা। এনবিএল তার সকল সংশ্লিষ্টদের স্বার্থের ব্যাপারে সদা তৎপর এবং আন্তর্জাতিক মানের সমতুল্য একটি ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার জন্য বাসেল -২ ও বাসেল -৩ এ বর্ণিত পিলার-১, পিলার-২ ও পিলার-৩ এর শর্ত পূরণে অঙ্গীকারবদ্ধ।

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ সুগঠিতভাবে পরিমাপ, মনিটর ও ঝুঁকি নিয়ন্ত্রণের মাধ্যমে ব্যাংকের স্বার্থ রক্ষা করে। NBL এর পরিচালনা পর্ষদ ‘ঝুঁকি ব্যবস্থাপনা গাইড’ ২০১৪ সালে অনুমোদন করেছে যা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ

